

প্রশ্নপত্র ফাঁসের অভিযোগ কুমিল্লা বোর্ডের কর্মচারী নিয়োগ পরীক্ষা বাতিল, তদন্ত কমিটি গঠন

প্রতিনিধি, কুমিল্লা

কুমিল্লা কোটবাড়ির বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমির (বোর্ড) তৃতীয় শ্রেণীর কর্মচারী নিয়োগ পরীক্ষা প্রশ্নপত্র ফাঁস হওয়ার অভিযোগে বাতিল করা হয়েছে। গত শুক্রবার এ পরীক্ষা অনুষ্ঠিত হয়। এ ঘটনার তদন্তে ২ সদস্যের একটি কমিটি গঠন করা হয়েছে এবং ওই কমিটিকে আগামী ৭ কর্মদিবসের মধ্যে প্রতিবেদন দাখিল করতে বলা হয়েছে।

বোর্ড সূত্রে জানা গেছে, গত শুক্রবার সকাল ১০টা থেকে বেলা ১১টা পর্যন্ত বোর্ডে তৃতীয় শ্রেণীর ৬টি পদে নিয়োগ পরীক্ষা অনুষ্ঠিত হয়। ওই পরীক্ষায় উচ্চমান সহকারী পদে ৪২ জন, জুনিয়র আর্টিস্ট পদে ৭ জন, মহিলা স্বাস্থ্য পরিদর্শক পদে ১২ জন, মহিলা সংগঠিকা পদে ১৬ জন, বাস সহকারী পদে ৮ জন ও বাইন্ডার পদে ৬ জন আবেদনকারী অংশগ্রহণ করেন। পরীক্ষা শেষ হওয়ার সঙ্গে সঙ্গে উচ্চমান সহকারী পদের পরীক্ষার্থী রাজশাহীর পুঠিয়া উপজেলার সুখপাড়া গ্রামের মোয়াজ্জেম হোসেন নামের এক ব্যক্তির নিকট হাতে লেখা পুরো প্রশ্ন পাওয়া যায়। এ সময় নিয়োগ পরীক্ষায় দায়িত্বপ্রাপ্তরা তাকে চ্যালেঞ্জ করেন। পরে তিনি বোর্ডের কর্মকর্তাদের জিজ্ঞাসাবাদে প্রশ্ন পাওয়ার কথা স্বীকার করেন। এ বিষয়ে বোর্ডের মহাপরিচালক সালাউদ্দিন মাহমুদ সাংবাদিকদের জানান, 'পরীক্ষা শেষ হওয়ার পরপরই মোয়াজ্জেম হোসেন নামের এক প্রার্থীর নিকট হাতে লেখা প্রশ্ন পাওয়া যায়; যা পরীক্ষার প্রশ্নের সঙ্গে মিলে গেছে। এ কারণে নিয়োগ পরীক্ষা বাতিল করা হয়েছে। এ ঘটনায় বোর্ডের পরিচালক (গবেষণা) আনোয়ার জাহিদকে প্রধান করে ২ সদস্যের একটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে। কমিটিকে আগামী ৭ কর্মদিবসের মধ্যে তদন্ত প্রতিবেদন দিতে বলা হয়েছে।'